# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১২৩৭ [আন্তর্জাতিক নাম্বারঃ ১২৩৮]

পর্ব-১৩: সাহু (ভুল) (كِتَاب السَّهْوِ)

পরিচ্ছেদঃ ২৩: দু' সিজদা সম্পর্কে আবু হুরায়রাহ্ (রাঃ)-এর বর্ণনার মধ্যে পার্থক্য

## ذِكْرُ الِاخْتِلَافِ عَلَى أَبِي هُرَيْرَةَ فِي السَّجْدَتَيْنِ

আরবী

أَخْبَرَنَا أَبُو الْأَشْعَثِ، عَنْ يَزِيدَ بْنِ زُرَيْعٍ، قَالَ: حَدَّثَنَا خَالِدٌ الْحَذَّاءُ، عَنْ أَبِي قِلَابَةَ، عَنْ أَبِي الْمُهَلَّبِ، عَنْ عِمْرَانَ بْنِ حُصَيْنٍ، قَالَ: سَلَّمَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي ثَلَاثِ رَكَعَاتٍ مِنَ الْعَصْرِ فَدَخَلَ مَنْزِلَهُ، فَقَامَ إِلَيْهِ رَجُلٌ، يُقَالُ لَهُ: الْخِرْبَاقُ، فَقَالَ: يَعْنِي نَقَصَتِ الصَّلَاةُ يَا رَسُولَ اللَّهِ، فَخَرَجَ مُغْضَبًا يَجُرُّ رِدَاءَهُ، فَقَالَ: أَصَدَقَ ، قَالُوا: نَعَمْ، فَقَامَ فَصَلَّى تِلْكَ الرَّكْعَةَ، ثُمَّ سَلَّمَ، ثُمَّ سَجَدَ سَجْدَتَيْهَا، ثُمَّ سَلَّمَ.

تخريج دارالدعوه: صحيح مسلم/المساجد ١٩ (٥٧٤)، سنن ابی داود/الصلاة ١٩٥ (١٠١٨)، سنن ابن ماجہ/الإقامة ١٣٤ (١٢١٥)، مسند احمد ٤/٤٢٧، ٤٣١، ٤٤٠، (تحفة الأشراف: ١٠٨٨٢)، ويأتي عند المؤلف برقم: ١٣٣٢ (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1238 - صحيح

বাংলা

১২৩৭. আবুল আশ’আস (রহ.)..... ইমরান ইবনু হুসায়ন (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) ’আসরের সালাতের তিন রাআত আদায় করে সালাম ফিরিয়ে ঘরে প্রবেশ করলেন। তখন খিরবাক (রাঃ) নামক এক সাহাবী তার নিকট এসে বললেন, হে আল্লাহর রসূল! সালাত কি সংক্ষিপ্ত হয়েছে? তখন তিনি রাগান্বিত হয়ে চাদর সামলাতে সামলাতে বের হয়ে বললেন, এ কি সত্য বলেছে? সাহাবীগণ বললেন, হ্যাঁ। তখন তিনি (সা.) দাঁড়িয়ে সে রাক’আত আদায় করলেন এবং সালাম ফিরিয়ে ভুলের জন্যে দু’ সিজদা করলেন ও সালাম ফিরালেন।

## English

23. Mentioning The Reports That Differ From Abu Hurairah Concerning The Two Prostrations

It was narrated that Imran bin Husain said: The Messenger of Allah (ﷺ) said the salam after three rak'ahs of 'Asr, then he entered his house. A man called Al-Khibaq stood up and said: 'Has the prayer been shortened, O Messenger of Allah?' He came out angry, dragging his upper garment and said: 'Is he speaking the truth?' They said: 'Yes.' So he stood and prayed that rak'ah, then he said the salam, then prostrated twice, then he said the salam (again).

## ফুটনোট

সহীহ: মুসলিম (১/১০১/২০৪), আবু দাউদ ৮, ১০, ইবনু মাজাহ ১২১৫, সহীহ ইবনু খুযায়মাহ ১০৫৪।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ ইমরান ইবনু হুসায়ন (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=87631

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন